

তারিখঃ ২০/১১/২০১৬

## প্রেস রিলিজ

### ববি উপাচার্যের সাথে ইউনিসেফের বরিশাল আঞ্চলিক প্রধানের সৌজন্য সাক্ষাৎ



বরিশাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্যের সাথে  
সৌজন্য সাক্ষাতে মিলিত হন ইউনিসেফের বরিশাল আঞ্চলিক প্রধান

বরিশাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক এর সাথে এক সৌজন্য সাক্ষাতে মিলিত হয়েছেন ইউনিসেফের বরিশাল আঞ্চলিক প্রধান এ এইচ তৌফিক আহাম্মদ। এ সময় তাঁরা পারস্পরিক দ্বিপাক্ষীয় বিষয়ে আলাপ আলোচনা করেন এবং চলতি শিক্ষাবর্ষ হতে বিশ্ববিদ্যালয়ে চালু হওয়া ‘কোস্টাল স্টাডিজ এন্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট’ বিভাগের একাডেমিক উন্নয়নকল্পে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের কথা জানান ইউনিসেফের বরিশাল আঞ্চলিক প্রধান। এ সময় উপস্থিত ছিলেন বঙ্গবন্ধু হলের প্রভোস্ট আবদুল কাইয়ুম, শেরে বাংলা হলের প্রভোস্ট আবদুল্লাহ আল মাসুদ, ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের সহকারী অধ্যাপক মো. সাখাওয়াত হোসেন, বরিশাল বিশ্ববিদ্যালয় স্থাপন শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালক ড. মো. হুমায়ুন কবির, রেজিস্ট্রার মো. মনিরুল ইসলাম, উপ-পরিচালক (অর্থ ও হিসাব) সুব্রত কুমার বাহাদুরসহ অন্যান্যরা।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রুমি  
জনসংযোগ কর্মকর্তা  
বরিশাল বিশ্ববিদ্যালয়